



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তরুণ প্রজন্মকে দেশপ্রেম ও তারুণ্যের মহিমায় উজ্জীবিত হতে হবে

-উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ এপ্রিল ২০২২খ্রিঃ

তরুণ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতার সঠিক ইতিহাস পৌঁছে দিতে হবে। কেননা এই তরুণরাই আগামীর বাংলাদেশ। তরুণ প্রজন্মকে দেশপ্রেম ও তারুণ্যের মহিমায় উজ্জীবিত হতে হবে। আর তাহলেই তারা প্রকৃত দেশপ্রেমিক নাগরিক হিসেবে বেড়ে উঠবে এবং তাদের হাত ধরেই গড়ে উঠবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র আয়োজিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে 'বাঙলার স্থপতি' গ্রন্থের উপরে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা গুলো বলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। ২০ এপ্রিল ২০২২ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে সভায় মূখ্য আলোচক ছিলেন লেখক, গবেষক ও বাঙলার স্থপতি গ্রন্থের প্রণেতা অ্যালভিন দীলিপ বাগ্‌চী। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলীসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় কুমার সরকার। আলোচনা সভা শেষে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে "স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-অর্জন ও সম্ভাবনা" শীর্ষক বিশেষ স্মারক সংকলনের মোড়ক উন্মোচন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়াসহ অন্যান্যরা। এসময় স্মারক সংকলনটির সম্পাদনা পরিষদ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস